# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪২৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. সালাতসমূহের হিফাযাত করা

## باب فِي الْمُحَافَظَةِ عَلَى وَقْتِ الصَّلَوَاتِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ حَرْبٍ الْوَاسِطِيُّ، حَدَّثَنَا يَزِيدُ، - يَعْنِي ابْنَ هَارُونَ - حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مُطَرِّفٍ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ، عَنْ عَبْدِ اللهِ بْنِ الصُّنَابِحِيِّ، قَالَ زَعَمَ أَبُو مُحَمَّدٍ أَنَّ الْوِتْرَ، وَاجِبٌ، فَقَالَ عُبَادَةُ بْنُ الصَّامِتِ كَذَبَ أَبُو مُحَمَّدٍ أَشْهَدُ أَنِّي سَمِعْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَقُولُ " خَمْسُ صَلَوَاتٍ افْتَرَضَهُنَّ اللهُ تَعَالَى مَنْ أَحْسَنَ وُضُوءَهُنَّ وَصَلاَّهُنَّ لِوَقْتِهِنَّ وَأَتَمَّ رُكُوعَهُنَّ وَخُشُوعَهُنَّ كَانَ لَهُ عَلَى اللهِ عَهْدٌ أَنْ يَغْفِرَ لَهُ وَمَنْ لَمْ يَفْعَلْ فَلَيْسَ لَهُ عَلَى اللهِ عَهْدٌ إِنْ شَاءَ غَفَرَ لَهُ وَإِنْ شَاءَ عَذَّبَهُ " .

- صحيح

বাংলা

৪২৫। ’আব্দুল্লাহ ইবনুস সুনাবিহী (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আবূ মুহাম্মাদের মতে, বিতর সালাত ওয়াজিব। একথা শুনে ’উবাদাহ্ ইবনুস সামিত (রাঃ) বললেন, আবূ মুহাম্মাদ মিথ্যা (ভুল) বলেছেন। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ মহান আল্লাহ পাঁচ ওয়াক্ত সালাত ফরয করেছেন। যে ব্যক্তি উত্তমরূপে অযু করে নির্ধারিত সময়ে পূর্ণরূপে রুকু’ ও পরিপূর্ণ মনোযোগ সহকারে সালাত আদায় করবে, তাকে ক্ষমা করার জন্য আল্লাহ প্রতিশ্রুতিবদ্ধ। আর যে ব্যক্তি এরূপ করবে না, তার জন্য আল্লাহর পক্ষ হতে কোন প্রতিশ্রুতি নেই। তিনি ইচ্ছা করলে তাকে ক্ষমা করবেন অন্যথায় শাস্তি দিবেন। [1]

সহীহ।

## English

Narrated Abdullah ibn Sunabihi:

AbuMuhammad fancies that witr prayer is essential. (Hearing this) Ubadah ibn as-Samit said: AbuMuhammad was wrong. I bear witness that I heard the Messenger of Allah (ﷺ) say: Allah, the Exalted, has made five prayers obligatory. If anyone performs ablution for them well, offers them at their (right) time, and observes perfectly their bowing and submissiveness in them, it is the guarantee of Allah that He will pardon him; if anyone does not do so, there is no guarantee for him on the part of Allah; He may pardon him if He wills, and punish him if He wills.

## ফুটনোট

[1] আহমাদ (৫/৩১৭) মুহাম্মাদ ইবনু মুত্বাররিফ সূত্রে, নাসায়ী (অধ্যায়ঃ সালাত, অনুঃ পাঁচ ওয়াক্ত সালাতের হিফাযাত করা, হাঃ ৪৬০) নাসায়ীর ‘সুনানুল কুবরা’ (৩১৪) তুহফা, ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত ক্বায়িম, অনুঃ পাঁচ ওয়াক্ত সালাত ফারয, হাঃ ১৪০১) মুহাম্মাদ ইবনু ইয়াহইয়া ইবনু হাব্বান সূত্রে তার পিতা যায়িদ থেকে মুখাদ্দিজী থেকে, (সুনাবিহী এবং মুখাদ্দিজী) ‘উবাদাহ ইবনু যায়িদ সূত্রে, দারিমী (অধ্যায়ঃ সালাত, অনুঃ বিতর, হাঃ ১৫৭৭), মালিক (অধ্যায়ঃ রাতের সালাত, অনুঃ বিতর সালাতের নির্দেশ), আহমাদ (৫/২১০)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57743

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন